

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৫৯. কী ঘটবে সে ভয়ে বিষগ্ন হবেন না

তাওরাতে নিচের কথাখানি বর্ণিত আছে—

"যা ঘটবে বলে ভয় করা হয় তার অধিকাংশই কখনো ঘটে না।" এর অর্থ হলো যে, অধিকাংশ আসন্ন সমস্যার আশংকা ও ভয় বাস্তবরূপ নিতে ব্যর্থ হয়। জীবনে বাস্তবিক পক্ষে যা ঘটে তার চেয়ে মনের অনুমান বা ধারণা সংখ্যায় ও আকারে অনেক বেশি।

একজন আরবী কবি বলেন-

"আমার মন যখন দুশ্চিন্তাগ্রস্ত হয়েছিল তখন আমি তাকে বলেছিলাম-

"সুখে থাক, কারণ অধিকাংশ ভয়ই অমূলক।"

এতে বুঝা যায় যে, যদি আপনি কোন আসন্ন দুর্বিপাক ও দুর্দশার কথা শুনেন তবে অতিরিক্ত ভীত হবেন না, বিশেষ করে, অধিকাংশ আসন্ন বিপদের ভবিষৎবাণীই মিথ্যা হয়ে থাকে।

"এবং আমি আমার বিষয় আল্লাহর নিকট সোপর্দ করছি। নিশ্চয় আল্লাহ তার বান্দাদের প্রতি বিশেষ দৃষ্টি রাখেন। অতএব, আল্লাহ তাকে তাদের ষড়যন্ত্র হতে রক্ষা করলেন।" (৪০-সূরা আল মু'মিন: আয়াত-৪৪-৪৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7568

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন